ভোলায় তিন উপদেষ্টাকে অবরুদ্ধ করে সেতুর দাবিতে ছাত্রজনতার বিক্ষোভ



সংগৃহীত ছবি

ভোলা–বরিশাল সেতু নির্মাণের দাবিকে কেন্দ্র করে ভোলায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। শুক্রবার (১৪ নভেম্বর) বিকেলে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে সরকারের তিন উপদেষ্টাকে ঘিরে ফেলে বিক্ষোভ দেখায় স্থানীয় ছাত্রজনতা ও এলাকাবাসীর একটি অংশ।

সকালে শিল্প, জ্বালানি ও বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টারা একদিনের সফরে ভোলায় পৌঁছে শাহবাজপুর গ্যাস ক্ষেত্র, ভেদুরিয়ার সম্ভাব্য শিল্প ও গুদাম এলাকা এবং বিসিক শিল্পনগরী ঘুরে দেখেন। পরে জেলা প্রশাসক কার্যালয়ে শিল্প উদ্যোক্তা, রাজনৈতিক প্রতিনিধি ও নাগরিক সমাজের সঙ্গে মতবিনিময় করেন তারা।

মতবিনিময় সভায় অতিথিদের সামনে ভোলা–বরিশাল সেতু বাস্তবায়নের দাবি জোরালোভাবে তুলে ধরেন স্থানীয়রা। কিন্তু সভায় জ্বালানি উপদেষ্টা জানান, আপাতত গৃহস্থালি পর্যায়ে নতুন করে গ্যাস সংযোগ দেওয়ার পরিকল্পনা নেই এবং সেতুর কাজও শিগগির শুরু হচ্ছে না। এ বক্তব্যকে কেন্দ্র করে সভায় থাকা অনেকেই ক্ষোভ প্রকাশ করেন। পরিস্থিতি ক্রমে উত্তেজিত হয়ে ওঠে, এবং সভাকক্ষের বাইরে উপস্থিত ছাত্রজনতা স্লোগান দিতে শুরু করে।

একপর্যায় তারা বাইরে এসে সড়কে বসে তিন উপদেষ্টাকে ঘেরাও করে অবরোধ সৃষ্টি করেন। হঠাৎ সৃষ্ট উত্তেজনায় নিরাপত্তা বাহিনী দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। স্থানীয় বিএনপি নেতারাও আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে তাদের শান্ত করেন। পরে উপদেষ্টারা নিরাপদে জেলা প্রশাসক কার্যালয় ত্যাগ করলে বিক্ষোভকারীরা মিছিল নিয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন।